গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল
www.cmch.gov.bd

স্মারক নং-চমেকহা/প্রশাসন/নিয়োগ/পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণি (১১-২০ গ্রেড)/২০২৪/১৫৫৬৬ তারিখ: ২৬/১১/২০২৪ খ্রি.

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের স্থায়ী/অস্থায়ী রাজস্ব খাতের বিভিন্ন গ্রেড ভিত্তিক নিম্নোক্ত পদে জনবল নিয়োগের জন্য অস্থায়ী ভিত্তিতে প্রকৃত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শিক্ষাগত যোগ্যতা ও শর্ত সাপেক্ষে http://cmch.teletalk.com.bd এই ওয়েবসাইটে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। সরাসরি/ডাকযোগে দাখিলকৃত আবেদনপত্র কোনক্রমেই গ্রহণযোগ্য নয়। প্রার্থী কেবল মাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদের বিপরীতে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গন্য হবে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল- ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ |
| ১ | সাঁটলিপিকার -কাম-কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেল (১১০০০-২৬৫৯০)<br>(গ্রেড-১৩) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ বছর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; এবং<br>(ঘ) সাঁটলিপি প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৮০ শব্দ এবং বাংলায় ৫০ শব্দ; কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
| ২ | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেল (১০২০০-২৪৬৮০)<br>(গ্রেড-১৪) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ বছর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা ; এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং,ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; এবং<br>(ঘ) সাঁটলিপি প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ; কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ। | |
| ৩ | মুয়াজ্জিন<br>বেতন স্কেল (১০২০০-২৪৮০০)<br>(গ্রেড-১৪) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফাযিল ডিগ্রী;<br>(খ) কোনো মসজিদে অন্যূন ০২(দুই) বৎসরের প্রধান খাদিম অথবা খাদিম হিসেবে কাজের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। | |
| ৪ | ড্রাইভার<br>বেতন স্কেল (৯৭০০-২৩৪৯০)<br>(গ্রেড-১৫) | ০৪ (চার) টি | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ভারী গাড়ি চালনার বৈধ ভারী ড্রাইভিং লাইসেন্স প্রাপ্ত ;<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকদের অগ্রাধিকার দেওয়া হইবে। | |
| ৫ | টেলিফোন অপারেটর<br>বেতন স্কেল (৯৩০০-২২৪৯০)<br>(গ্রেড-১৬) | ০২ (দুই) টি | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা সম্পন্ন হতে হবে। | |
| ৬ | সহকারী হিসাব রক্ষক<br>বেতন স্কেল (৯৩০০-২২৪৯০)<br>(গ্রেড-১৬) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা সম্পন্ন হতে হবে। | |
| ৭ | ক্যাশিয়ার<br>বেতন স্কেল (৯৩০০-২২৪৯০)<br>(গ্রেড-১৬) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা সম্পন্ন হতে হবে। | |
| ৮ | ইন্সট্রুমেন্ট কেয়ার টেকার<br>বেতন স্কেল (৯৩০০-২২৪৯০)<br>(গ্রেড-১৬) | ০২ (দুই) টি | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ইলেকট্রিক্যাল বা মেকানিক্যাল ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা সম্পন্ন হতে হবে। | |
| ৯ | কারপেন্টার<br>বেতন স্কেল (৮৭০০-২১৩১০)<br>(গ্রেড-১৮) | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। | |

**শর্তাবলি সমূহ:**

১। আগ্রহী প্রার্থীগণ http://cmch.teletalk.com.bd ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক আবেদন করতে পারবেন।

২। নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩-০৭-২০২৪ ইং তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.০০.০১৪.২৪-১৪১ মূলে জারীকৃত প্রজ্ঞাপন এবং সরকারের প্রচলিত সর্বশেষ বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালিত হবে।

৩। ০৩/১২/২০২৪ খ্রি.তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। তবে ১ ও ২ নং ক্রমিকে বর্ণিত পদসমূহে মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং কমন পদ নিয়োগ বিধিমালা,২০১৯ অনুযায়ী বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

৪। সরকারি,আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। বিভাগীয় চাকরিরত প্রার্থীদের সব শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় বিভাগীয় প্রার্থীদের জন্য নির্ধারিত সংশ্লিষ্ট ঘর (Department Candidate) এ টিক চিহ্ন দিতে হবে। বিভাগীয় প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদের মূল কপি জমা দিতে হবে।
উল্লেখ্য, সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর বা পরিদপ্তর বা দপ্তর এর রাজস্ব খাতে সৃষ্ট পদে অন্যূন ০২(দুই) বছর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকুরীরত প্রার্থীরা বিভাগীয় প্রার্থী হিসেবে বিবেচিত হবে।

৫। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://cmch.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৩-১২-২০২৪ খ্রিষ্টাব্দ সকাল-১০:০০ ঘটিকা।
(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩১-১২-২০২৪ খ্রিষ্টাব্দ বিকাল-০৫:০০ ঘটিকা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online- এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ক্রমিক নং ১ থেকে ৮ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৩/- টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং এবং ৯ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

SMS নিয়মাবলী :
প্রথম SMS : CMCH<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CMCH ABCDEF & send to 16222
Reply: Applicant's Name, TK-223/112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type CMCH <Space>Yes<space>PIN and send to 16222.
দ্বিতীয় SMS: CMCH <space>Yes<space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CMCH Yes 12345678 & send to 16222
Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for CMCH Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://cmch.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
(i) User ID জানা থাকলে CMCH <space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: CMCH Help User ABCDEF & Send to 16222.
(ii) PIN Number জানা থাকলে CMCH <space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.
Example: CMCH Help PIN 12345678 & Send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের ওয়েবসাইট www.cmch.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদ্সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.cmch.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: CMCH, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।
* নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রতারক চক্রের সাথে কোন প্রকার যোগাযোগ অথবা আর্থিক লেনদেন হতে বিরত থাকার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ তসলিম উদ্দীন)
পরিচালক
ও
সভাপতি
পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণি ( ১১-২০ গ্রেড) জনবল নিয়োগ কমিটি
চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল
ফোনঃ ০২৪১৩৫৬২২০
E-mail cmch@hospi.dghs,gov.bd

জি-১৮৮২/২৪ (২০´x৪)